স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**।
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭২ ইং 26th May 1965 { ২য় সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ডেন্টাল ক্লিনিক**
ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেন্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭২ সাল।

## বৃষ্টি অভাবে ধান পাটের বুনানি বন্ধ

জঙ্গিপুর মহকুমার অধিকাংশ স্থানে বৃষ্টি না হওয়ায় বাগড়ী অঞ্চলের প্রধান ফসল ধান ও পাটের বুনানি হয় নাই। সকল চাষীই সময়ে জমি চাষ করিয়া হতাশভাবে আকাশের পানে চাহিয়া হা হুতাশ করিতেছে। চড়া জমির বাহালী 'জলি ধান' জলাভাবে শিষ ছাড়িতে পারিতেছে না। শিষগুলি শুকাইয়া যাইতেছে। জ্যৈষ্ঠ মাসের অর্দ্ধেক চলিয়া গেল। ধান পাটের আর আশা নাই বলিলেই হয়।

---

## ধান চাল পাচারের চেষ্টা ব্যর্থ

খাদ্যবিভাগের কর্মচারী খয়রাশোল ও দুবরাজপুর থানার পুলিশের সহযোগিতায় বিহার ও বর্দ্ধমান সীমান্ত অঞ্চলে পাহারা দেবার সময় ২০টি গরুগাড়ী বোঝাই ধানচাল আটক করেছেন। ইলামবাজার ও জয়দেব-কেন্দুলীর অজয় ঘাটে এক শ্রেণীর অসাধু সরকারী কর্মচারীদের যোগসাজসে প্রচুর ধানচাল পাচার হচ্ছে বলে খবর পাওয়া যাচ্ছে।

---

## চোরাকারবারীর মর্ম্মান্তিক পরিণাম

দিন কয়েক আগে তিলডাঙ্গা ষ্টেশনের অনতিদূরে রেলওয়ে লাইনের উপর কেন্দুয়া গ্রামের এক অধিবাসীর মৃতদেহ পাওয়া যায়। ডাক্তারী পরীক্ষায় জানা গিয়েছে, ট্রেণের তলায় পড়ে ক্ষত-বিক্ষত হয়ে যাওয়ার চিহ্ন ছাড়া অন্য কোন সন্দেহজনক চিহ্ন মৃতদেহে পাওয়া যায়নি। প্রকাশ, মৃত লোকটি একজন চোরাকারবারী বলে পরিচিত।

---

### মোটর বাস উল্টাইয়া
## যাত্রী আহত

১২ই জ্যৈষ্ঠ বুধবার রাত্রি নয় ঘটিকার সময় রঘুনাথগঞ্জ — মুরারই রাস্তায় 'গণপতি' মোটর বাসখানি মুরারই হইতে রঘুনাথগঞ্জ অভিমুখে আসিবার সময় সাহেবনগর গ্রাম ও বাড়ালার সাঁকোর প্রায় মধ্যস্থলে উল্টাইয়া যায়। ঐ বাসের জনৈক পাঞ্জাবী যাত্রী কায়দা করিয়া গাড়ীর দরজা ভাঙ্গিয়া যাত্রিগণকে বাহির হইয়া আসিতে সাহায্য করেন। খবর পাইয়া বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসের ছাত্রগণ ঘটনাস্থলে গিয়া যাত্রীদের সাহায্য করে। আহত যাত্রিগণকে ট্রাকযোগে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে আনা হয়। প্রাথমিক চিকিৎসার পর অনেককে ছাড়িয়া দেওয়া হয়। কয়েকজন আহতকে হাসপাতালে ভর্ত্তি করা হইয়াছে। চালক বিনা আলোতে বেগে গাড়ী চালানর ফলেই এই অঘটন ঘটিয়াছে বলিয়া প্রকাশ। খেজুরতলা গ্রামের সিদ্দিক সেখ গুরুতর আহত হওয়ায় তাহাকে বহরমপুর হাসপাতালে পাঠান হইয়াছে।

---

## ঝড় বৃষ্টি

গত ১১ই জ্যৈষ্ঠ মঙ্গলবার বৈকালে প্রবল ঝড় বৃষ্টি হওয়ায় রঘুনাথগঞ্জ থানার পশই, বাগপাড়া, সন্তোষপুর ও সাগরদীঘি থানার হরিরামপুর, চাঁদপাড়া গ্রামে বহু গৃহস্থের টিনের চাল উড়িয়া গিয়াছে, টাইল ও খড়ের ঘরের চাল ও টাইল উড়িয়া গিয়া বহুলোককে গৃহহীন করিয়াছে। এই দুর্দিনে সাধারণ লোকে গ্রাসাচ্ছাদন সংগ্রহ করিতে হিমশিম খাইতেছে তার উপর গৃহ নির্ম্মাণ করিতে অনেকেই সমর্থ হইবে না।

---

## গরমের চরম

দিন কয়েক হইতে এখানে খুব গরম পড়িয়াছে। বেলা ৮ ঘটিকার পর রৌদ্রের মধ্যে ঘর হইতে বাহির হওয়া বিশেষ ক্লান্তিজনক, গরমের জন্য অনেকেরই রাত্রে ভাল ঘুম হয় না। ছোট ছোট শিশুদের গরম অসহ্য হওয়ায় তাহারা কান্নাকাটি করিতেছে। অতিরিক্ত গরমের জন্য অনেকের অসুখ হইতেছে।

# স্বাধীন দেশে খুদে কর্ম্মচারীর দাপটে আট বৎসরের শিশু নির্য্যাতিত

বীরভূমের প্রাচীন সাপ্তাহিক সংবাদ-পত্র সহযোগী "বীরভূম-বার্ত্তা" হইতে নিম্নের সংবাদটী উদ্ধৃত করিলাম ঃ—

## সিউড়ী জেলখানার জেলারের সাহেবী মেজাজ

সিউড়ী ঃ ছোট ছোট ছেলেদের কলহকে কেন্দ্র করিয়া জনৈক 'সাহেবের' শোচনীয় নির্ম্মমতার এক চাঞ্চল্যকর কাহিনী সম্প্রতি জানা গিয়াছে। প্রকাশ, এই কলহ শেষ পর্য্যন্ত বৃহত্তর বিবাদের সৃষ্টি করিয়াছে। ফলে 'সাহেবের' ক্রোধানল প্রজ্জ্বলিত হইয়া অধঃস্তন কর্ম্মচারীর উপর কেতাদুরস্তভাবে শাস্তির খড়্গও নামিয়া আসিয়াছে এবং উক্ত অধঃস্তন কর্ম্মচারীর পুত্রকে অমানুষিকভাবে মারপিট ও নির্য্যাতন করা হইয়াছে। এই নির্য্যাতনের ফলে উক্ত অধঃস্তন কর্ম্মচারীর আট বৎসর বয়স্ক পুত্রের হাত ভাঙ্গিয়া গিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, সম্প্রতি সিউরী জেলের জনৈক ওয়ার্ডারের পুত্রের (৮) সহিত 'জেলার সাহেবের' ভাইপোর ঝগড়া হয়, এই ঝগড়ার ফলে 'জেলার সাহেব' ক্রোধে দিগ্বিদিক জ্ঞানশূন্য হইয়া ওয়ার্ডারের পুত্রকে কারান্তরালে লইয়া গিয়া যথেচ্ছ প্রহার ও নির্য্যাতন করেন। ফলে জেল-ওয়ার্ডারের পুত্রের হাত ভাঙ্গিয়া যায় এবং তাহাকে জেল হাসপাতালে ভর্ত্তি করা হয়। একদিকে ওয়ার্ডার পুত্রের প্রতি এই শাস্তি দিয়াও 'জেলার সাহেবের' ক্রোধ প্রশমিত হয় নাই। তিনি তাহার পিতাকেও সাসপেণ্ড করিয়াছেন। প্রকাশ, উক্ত জেল-ওয়ার্ডার নানাদিক হইতে প্রচণ্ড চাপ স্বত্ত্বেও এই অভিযোগের ডায়েরী থানা হইতে প্রত্যাহার না করায় জেল হাসপাতাল হইতে তাহার পুত্রের হাত ভাঙ্গিয়া যাওয়ার এক্সরে-রিপোর্টও রহস্যজনক কারণে উক্ত জেল-ওয়ার্ডারকে দেওয়া হইতেছে না। 'জেলার সাহেবের' দুষ্কার্য্য চাপা দিবার জন্যই এই অবৈধ প্রচেষ্টা বলিয়া ওয়াকিবহাল

মহল মনে করেন। এই প্রসঙ্গে বলা প্রয়োজন যে, সি-এম-ও-এইচ জেলের সুপারিণ্টেণ্ডেণ্ট। তিনি নিজে এই সম্পর্কে যথারীতি তদন্ত করিয়া এই ধরণের হঠকারিতা ও ঔদ্ধত্য স্তব্ধ করিতে পারেন না কি? এই ঘটনায় জেল-কর্ম্মচারীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি করিয়াছে।

---

## নতুন নতুন ব্যবসা

### তেল রংয়ের পেন্সিল ( ক্রেয়ন ) তৈরী

তেল রংয়ের পেন্সিল বা ক্রেয়ন সকলেই দেখেছেন। এগুলি সরু সরু বিভিন্ন রংয়ের সেট হিসাবে কাগজের বাক্সে কিনতে পাওয়া যায়। ছোট ছেলেমেয়েরা ছবি আঁকার জন্য এগুলি সাধারণতঃ ব্যবহার করে এ কারণে কিণ্ডারগার্টেন স্কুলে এবং বহু বাড়ীতে ব্যবহৃত হয়ে থাকে। স্কুল চকের মোল্ডের মতো এরও মোল্ড প্রায় একই রকম তবে সাইজে ছোট এবং ছিদ্রগুলিও ছোট হওয়ায় এক একটি মোল্ডে অনেকগুলি করে ষ্টিক একসঙ্গে করা যায়। এই ক্রেয়ন বা রঙিন পেন্সিল তৈরী করতে যে মাল মশলা লাগে বা ফরমুলা দরকার তা স্কুল-চকের মতোই কোন ম্যানুফ্যাকচারিং কেমিষ্ট বা অভিজ্ঞ কারিগরের কাছে অর্থের বিনিময়ে সংগ্রহ করা যেতে পারে। এই ব্যবসাও অল্প জায়গায় ঘরে বসে শুরু করা যেতে পারে। মেয়েরাও এই কাজ করতে পারেন। ক্রেয়ন মোল্ডের দাম ২০০ — ৩০০ টাকার মধ্যে এবং ২০০ টাকার মত মালমশলা ঘরভাড়া ইত্যাদির জন্যে লাগে—অর্থাৎ এই ব্যবসায়ে মোট ৪০০। ৫০০ টাকার মত দরকার হয় এবং এই নিয়ে কারবার শুরু করা যেতে পারে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই জুন, ১৯৬৫

১৯৬৩ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ চাম্পালাল সেরাওগী দেং গণপতি মণ্ডল দিং দাবি ১৪৩'৪৫ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দিয়াড় রাণীনগর ১২ শতকের কাত ১'৮৭ পঃ আঃ ১০৲ রায়ত স্থিতিবান স্বত্ব খং ২৯৬ ২নং লাট মৌজাদি ঐ ৭২ শতকের কাত ১।৯ আঃ ৫০৲ ঐ স্বত্ব খং ১৫৮


## ১০ বছর মেয়াদী জাতীয় সঞ্চয় সার্টিফিকেট

### ( প্রথম পর্যায় )

১ জুন, ১৯৬৫ থেকে বিক্রি সুরু

★ ১০ টাকা, ১০০ টাকা এবং ১০০০ টাকা মূল্যের সার্টিফিকেট পাওয়া যাবে।

★ সুদের হার শতকরা ৮ টাকা—চক্রবৃদ্ধিহারে বার্ষিক ৬.০৫ টাকা। অর্থাৎ ১০০ টাকায় দশ বছরে ১৮০ টাকা পাওয়া যাবে।

★ এক ব্যক্তির নামে ২৫,০০০ টাকা এবং দুই ব্যক্তির নামে যুক্তভাবে ৫০,০০০ টাকা লগ্নী করা যায়।

★ যে সব ডাকঘরে সেভিংস ব্যাঙ্কের কাজ হয় সেখানে কিনতে পাওয়া যাবে।

জাতীয় সঞ্চয় সার্টিফিকেট কিনে আপনার ভবিষ্যতের সংস্থা এবং জাতীয় উন্নয়নের সহায়তা করুন

বিশদ বিবরণের জন্য নিকটবর্ত্তী ডাকঘরে অনুসন্ধান করুন

পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক প্রচারিত


১৯৬৪ সালের ডিক্রীজারী

৩২ মনি ডিঃ মহম্মদ আবেদালি বিশ্বাস দেং সাজুরুদ্দিন মুন্সী দাবি ৪৮৪'৮৩ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া খং নং ৩২১ জমি ৫৪ শতক, খং নং ৩৩৩ জমি ১৬ শতক কাত ।/৬, খং নং ৩৩৪ জমি ৯৬ শতক কাত ১৵৫ মোট ১৬৬ শতক আঃ ১০০৲ খং নং ৩৩৫ জমি ১২৬ শতক আঃ ১০০৲, খং নং ৩৩৬ জমি ১১ শতক জমা ১৵৫ খং নং ৩৩৯ জমি ৪৩ শতক মোট ৫৪ শতক আঃ ৫০৲ ২নং লাট থানা ঐ মৌজে কুলড়ী খং নং ৭০ মোট জমি ৩১৫ শতক কাত ১৫৸৶০ আঃ ২০০৲ ৩নং লাট মৌজাদি ঐ খং নং ৩৫২ জমি ৮৬ শতক কাত ৬৸৵০ আঃ ৫০৲

---

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৯শে জুলাই, ১৯৬৫

১৯৬৫ সালের ডিক্রীজারী

৪ মনি ডিঃ লক্ষ্মীনারায়ণ কর্ম্মকার দেং প্রণবকুমার দাস দিং দাবি ১১৬২'৬৯ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২ শতকের কাত ১৸৵ আঃ ২০৲ খং ৩৬৩ ২নং লাট মৌজাদি ঐ ১৮ শঃ কাত ৩৷৵০ তন্মধ্যে দেন্দারের ১১½ শতকের কাত ২।৵০ আঃ ১১০০৲ খং ৩৬৫ দখলকার বসত প্রজা চিরস্থায়ী

---




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

**চ্যবনপ্রাশ**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ